

“নটর ডেম কলেজ” একটি পরিচিত শিক্ষা প্রতিষ্ঠান, যার সুনাম সকলের জানা। কিন্তু তাকে আরো একধাপ এগিয়ে দিয়েছে এই কলেজের কৃতি খেলোয়াড়রা। সৃষ্টি করেছে কিছু ইতিহাস।

১৯৫০ সালে, আন্তঃকলেজ সঁাতার প্রতিযোগিতায় তিনটি বিষয়ে প্রথম স্থান অধিকারের মাধ্যমে বিভাগটি শুভ সূচনা করে। প্রাক্তন সেন্ট গ্রেগরী কলেজ বর্তমান নটর ডেম কলেজ। মতিন, নূর মোহাম্মদ খান, সুরজিত ঘোষ এবং ওয়াটার পোলো প্রতিযোগিতায় রানার্স-আপ হওয়ার গৌরব অর্জন করে। এছাড়া লন টেনিস, টেবিল টেনিস, ব্যাডমিন্টন খেলায় কলেজের ছাত্র গিয়ার উদ্দিন, আহমদ ইউসুফ মদান, এ.এস.আর করিম আধিপত্য রাখেন।

১৯৬০ সালে Fazlul Karim, Father Wrestly Finolist (Finolist E.P. Wrestling tournament) এ Played in Pak Olympics হন।

১৯৬১ সালে N.DC. “Provincial Softball” চ্যাম্পিয়ন হয়। ১৯৬৬ এবং ১৯৭৪ সালে জাতীয় বাস্কেটবল প্রতিযোগিতায় দু’বার চ্যাম্পিয়ান হওয়ার গৌরব অর্জন করে এবং মি. নওশের হাসান পাকিস্তান জাতীয় দলে ও মি. আকা (ইপট) ১৯৭৩, ১৯৭৪ ও ১৯৭৪ সালে বাংলাদেশ দলের পক্ষে প্রতিনিধিত্ব করেন।

১৯৬৯ সালে মেডিকেল করেজ টেবিল টেনিস টুর্নামেন্ট এ নটর ডেম কলেজ চ্যাম্পিয়ন হয়।

(১) বাস্কেটবল : আন্তঃকলেজ বাস্কেটবল প্রতিযোগিতায় ১৯৭৩ সালে আন্তঃবোর্ড চ্যাম্পিয়ন, ১৯৭৪ সালে আন্তঃকলেজ যুগ্ম চ্যাম্পিয়ন এবং বোর্ড চ্যাম্পিয়ন ১৯৭৭ আন্তঃকলেজ, ১৯৭৬ সালে ফা. ইভাল টুর্নামেন্ট চ্যাম্পিয়ন ও ফা. ইভাল টুর্নামেন্ট চ্যাম্পিয়ন, ১৯৭৮ - ৭৯ সালে ফা. ইভাল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন, ১৯৮০ সালে আন্তঃকলেজ ও আন্তঃবোর্ড চ্যাম্পিয়ন, ১৯৮১, ১৯৮২, ১৯৮৩ আন্তঃকলেজ ও ফা. ইভাল টুর্নামেন্ট চ্যাম্পিয়ন, ১৯৮৪ - ৮৫ সালে আন্তঃকলেজ চ্যাম্পিয়ন। ১৯৮৫, ১৯৮৬, ১৯৮৭ সালে ফা. ইভাল টুর্নামেন্টে চ্যাম্পিয়নসহ মূল্যবান রানিং ট্রফি অর্জন, ১৯৮৮ সালে এন.ডি.সি. “এ” এবং এন.ডি.সি. “বি” দুইটি টীম হয় এবং ফা. ইভাল টুর্নামেন্টে “এ” চ্যাম্পিয়ন ও “বি” রানার্স আপ, ১৯৯১ সালে ফা. ইভাল টুর্নামেন্টে রানার্স-আপ ও ১৯৯৩ সালে চ্যাম্পিয়ন এবং ১৯৯৬ সালে রানার্স-আপ হওয়ার গৌরব অর্জন করে।

(২) ক্রিকেট : ১৯৭৩, ১৯৭৫, ১৯৭৭ আন্তঃকলেজ প্রতিযোগিতায় রানার্স-আপ হয় এবং ১৯৯৯ সালে চ্যাম্পিয়ন হয়। ১৯৮৯ সালে এন.ডি.সি. ক্রিকেট দল কলিকাতা সফরে যায়।

(৩) ফুটবল : ১৯৭৪ সালে আন্তঃকলেজ ফুটবল প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন, ১৯৯৫ সালে সুইসফুটবলে রানার্স-আপ এবং ১৯৯৬ সালে চ্যাম্পিয়ন হয়। ১৯৯৬ সালে ফা. বেনেডিক্ট স্মৃতি ফুটবল টুর্নামেন্টে রানার্স-আপ, আন্তঃকলেজ ঢাকা মহানগরী জোন চ্যাম্পিয়ন এবং ১৯৯৯ সালে, ঢাকা বোর্ড চ্যাম্পিয়ন হয়।

(৪) ভলিবল : ১৯৯০ সালে আন্তঃকলেজ ভলিবল প্রতিযোগিতায় রানার্স-আপ এবং ১৯৯৯ সালে ঢাকা মহানগরী জোন চ্যাম্পিয়ন ও ঢাকা বোর্ড রানার্স-আপ হওয়ার গৌরব অর্জন করে।

(৫) ব্যাডমিন্টন : ১৯৯৬ সালে সরকার সাদিক জাহান সোহেল এককে এবং সরকার সাদিক জাহান সোহেল ও শিহাব উদ্দীন আহমেদ সবুজ জুটি দ্বৈতে ঢাকা মহানগরীসহ ও বোর্ড চ্যাম্পিয়ন হয়। ১৯৯৯ সালে মো. আব্দুল খালেক দোলন (একক) ঢাকা মহানগরী জোনসহ ঢাকা বোর্ড চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

(৬) টেবিল টেনিস : ১৯৮৫ সালে আন্তঃকলেজ টেবিল টেনিস প্রতিযোগিতায় রানার্স-আপ হয়।

(৭) হ্যান্ডবল : ১৯৯৮ সালে বাটা আন্তঃকলেজ (পুরুষ) প্রতিযোগিতায় দীর্ঘলক্ষে দ্বিতীয় স্থান অধিকার করে এবং সলোমন গোমেজ ও কাজী সফিউদ্দিন চাকতি নিক্ষেপ ও দৌড়ে যথাক্রমে প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার করে। ১৯৮৪ সালে আন্তঃকলেজ প্রতিযোগিতায় উইলিয়াম গমেজ উচ্চ লক্ষে ১ম স্থান অধিকারী ১৯৮৫ সালে দীর্ঘ লক্ষে মো. রফিকুল ইসলাম ১ম ও আন্তঃবোর্ড প্রতিযোগিতায় ৩য় স্থান লাভ করে। ১৯৯৬ সালে আন্তঃকলেজ মহানগরী জোনে মোট ১৭টি পুরস্কারসহ নটর ডেম কলেজ চ্যাম্পিয়ন এবং ঢাকা বোর্ড প্রতিযোগিতায় আব্দুল কাদের শিকদার গোলকে ১ম ও চাকতিতে ২য় স্থান ও রিলে রেসে ৩য় স্থানসহ মোট ৬টি পুরস্কার অর্জন করে।